গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দাকোপ, খুলনা।
http://dakop.khulna.gov.bd

## আগস্ট/২০২৬ মাসে অনুষ্ঠিত দাকোপ উপজেলা আইসিটি কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ বোরহান উদ্দিন মিঠু, উপজেলা নির্বাহী অফিসার, দাকোপ, খুলনা।
স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন, দাকোপ, খুলনা।
তারিখ : ২৫ আগস্ট, ২০২৬ খ্রিঃ; সময়: দুপুর ০১.০০।

উপস্থিতি : পরিশিষ্ট 'ক' (স্বাক্ষরের ক্রমানুসারে)

সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। এরপর দাকোপ উপজেলা আইসিটি সংক্রান্ত বিভিন্ন কার্যক্রমের উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

**ইউডিসি পরিদর্শন সংক্রান্ত:**

| ক্রম নং | পরিদর্শনের নাম | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা আইসিটি অফিসার |
|---|---|---|---|
| ০১. | ইউডিসি পরিদর্শন/দর্শন | ০৫ টি | ০১ টি |
| ০২. | আইসিটিডি ডিজিটাল/কম্পিউটার ল্যাব পরিদর্শন | ০৩ টি | ০৫ টি |

০২. **উপজেলা/ইউনিয়ন পোর্টাল সংক্রান্ত:** উপজেলার সকল ইউনিয়ন এবং সরকারি দপ্তরের নতুন ভার্সনের ওয়েব পোর্টাল দ্রুত হালনাগাদ করতে হবে। প্রয়োজনে দপ্তর প্রধানকে পুনরায় এ সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান করতে হবে।

**সিদ্ধান্ত:** সকল সরকারী অফিস ও সকল ইউনিয়ন পোর্টালের তথ্যাদি দ্রুত হালনাগাদ করতে হবে। উপজেলার অনলাইন গ্রুপে দ্রুত হালনাগাদ করতে তাগিদ দিতে হবে।

**বাস্তবায়নে:** সংশ্লিষ্ট সকল অফিসের কর্মকর্তা ও ইউডিসি উদ্যোক্তা (সকল), দাকোপ, খুলনা।

০৩. **ইউডিসি সংক্রান্ত:** নতুন বিভিন্ন সেবা প্রদানের জন্য a2i কর্তৃক নির্দেশনা রয়েছে, সেক্ষেত্রে অন্যান্য জেলার ইউডিসির নতুন সেবা জেনে দাকোপ উপজেলায় প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হয়। এছাড়া পল্লী বিদ্যুতের বিল গ্রহণ সংক্রান্ত সেবা প্রদান করতে হবে।

**সিদ্ধান্ত:** নতুন বিভিন্ন সেবা বাড়াতে হবে। প্রতি মাসে আয়-ব্যয়ের হিসাব অত্র দপ্তরে প্রেরণ করতে হবে।

**বাস্তবায়নে:** ইউডিসি উদ্যোক্তা (সকল), দাকোপ, খুলনা।

**০৪. <u>টিসিবি স্মার্ট ফ্যামিলি কার্ড সংক্রান্ত:</u>** প্রত্যেক ইউনিয়নের টিসিবির কার্যক্রম সম্পর্কে বিশদ আলোচনা হয়। এ সংক্রান্ত উপকারভোগীদের তথ্য Apps এর মাধ্যমে হালনাগাদ করা এবং নতুন তালিকা অনুযায়ী খাদ্যসামগ্রী বিতরণ করতে হবে।

**<u>সিদ্ধান্ত:</u>** বাতিল হওয়া উপকারভোগীদের ডিজিটাল কার্ড ইউনিয়নে সংরক্ষণ এবং দ্রুত তালিকা অনলাইনে হালনাগাদ করতে হবে। অগ্রহণকৃত খাদ্যসামগ্রী সরকারি নির্দেশনা মোতাবেক ডিলার বিক্রয় করবেন।

**<u>বাস্তবায়নে:</u>** ইউপি সচিব(সকল), দাকোপ, খুলনা।

**০৫. <u>সাইবার নিরাপত্তা সংক্রান্ত:</u>** সাইবার হামলা, গুজব, অনলাইন জুয়া সংক্রান্ত বিষয়সমূহ উপজেলা প্রশাসনের Whatsapp গ্রুপে তথ্য আপডেট করতে হবে। এ বিষয়ে উপজেলায় সকল দপ্তরের মাধ্যমে ব্যাপক প্রচার চালাতে হবে।

**<u>সিদ্ধান্ত:</u>** সাইবার নিরাপত্তা বিষয় নির্দেশনা মোতাবেক গ্রুপে হালনাগাদ করতে হবে।

**<u>বাস্তবায়নে:</u>** সকল অফিসের কর্মকর্তা ও ইউডিসি উদ্যোক্তা (সকল), দাকোপ, খুলনা।

অতঃপর উপজেলা আইসিটি কমিটির সকল সদস্যকে নিয়মিত মাসিক সভায় হাজির থাকার জন্য অনুরোধ জানানো হয়। আসন্ন নির্বাচন সুন্দরভাবে পরিচালনার জন্য আইসিটি সংশ্লিষ্ট সকলকে সর্বাত্মক সহযোগিতার আহবান জানিয়ে সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৫.০৮.২০২৬

(মোঃ বোরহান উদ্দিন মিঠু)
উপজেলা নির্বাহী অফিসার
দাকোপ, খুলনা।
ইমেইলঃ unodacope@mopa.gov.bd

নম্বর- ০৫.৪৪.৪৭১৭.০০১.৩৩.০০১.২৩- তারিখ: ২৫ আগস্ট, ২০২৬ খ্রিঃ।

**<u>অনুলিপি সদয় অবগতি/ অবগতি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:</u>**

০১. জেলা প্রশাসক, খুলনা।
০২. অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), খুলনা।
০৩. জেলা আইসিটি অফিসার, খুলনা।
০৪. উপজেলা ........................................ কর্মকর্তা, দাকোপ, খুলনা।
০৫. চেয়ারম্যান, ................................ (সকল) ইউনিয়ন পরিষদ, দাকোপ, খুলনা।
০৬. অধ্যক্ষ/ প্রধান শিক্ষক.................................................. কলেজ/মাধ্যমিক বিদ্যালয়, দাকোপ, খুলনা।
০৭. ইউপি প্রশাসনিক কর্মকর্তা, ................................ (সকল) ইউনিয়ন পরিষদ, দাকোপ, খুলনা।
০৮. উদ্যোক্তা, ................................ (সকল) ইউনিয়ন পরিষদ, দাকোপ, খুলনা।
০৯. জনাব ............................................................।

২৫.০৮.২০২৬

(মোঃ বোরহান উদ্দিন মিঠু)
উপজেলা নির্বাহী অফিসার
দাকোপ, খুলনা।